



বাংলাদেশ কৃষি ব্যাংক

প্রধান কার্যালয় 'কৃষি ব্যাংক ভবন'
৮৩-৮৫, মতিঝিল বাণিজ্যিক এলাকা, ঢাকা-১০০০।
কৃষি ও পল্লী ঋণ বিভাগ
www.krishibank.org.bd.

বিকেবি/প্রকা/কৃপবি-১৯৭/২০২৪-২০২৫/১৩

তারিখ : ০৮/০৭/২০২৪

মহাব্যবস্থাপক, সকল বিভাগীয় কার্যালয়সমূহ
সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপক
সংশ্লিষ্ট শাখা ব্যবস্থাপক (সংশ্লিষ্ট মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)
বাংলাদেশ কৃষি ব্যাংক

বিষয় : দারিদ্র বিমোচন কর্মসূচির আওতায় ভূমিহীন ও প্রান্তিক চাষীদের অনুকূলে বিতরণকৃত দীর্ঘদিনের আটকে থাকা খেলাপী ঋণসমূহের সুদ মওকুফ ও অবলোপন প্রস্তাব ঋণ আদায় বিভাগে প্রেরণ প্রসঙ্গে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে কৃষি ও পল্লী ঋণ বিভাগের পত্র নং প্রকা/কৃপবি-১৯৭/২০২৩-২০২৪/৬৭৭ তারিখ ১৪-০৫-২০২৪ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে।

০২। দারিদ্র বিমোচন কর্মসূচির আওতায় ভূমিহীন ও প্রান্তিক চাষীদের ঋণ বিতরণ কার্যক্রম দীর্ঘদিন যাবৎ বন্ধ রয়েছে। ভূমিহীন ও প্রান্তিক চাষীদের অনুকূলে বিতরণকৃত অধিকাংশ ঋণ খেলাপী হয়ে পড়ায় উক্ত ঋণ আদায় জোরদারকরণ এবং সুদ মওকুফ, অবলোপন প্রযোজ্য ক্ষেত্রে আইনি ব্যবস্থা গ্রহণসহ উক্ত খাতে অনাদায়ী ঋণ স্থিতি ন্যূনতম পর্যায়ে নামিয়ে আনা/ঋণ হিসাব বন্ধকরণ এবং সর্বোপরি সকল প্রকার নিয়মনীতি ও কলা কৌশল ব্যবহার করে NPL ঋণসমূহ আদায় করার কার্যকরী ব্যবস্থা গ্রহণের জন্য ঋণিক ব্যবস্থাপনা কমিটির ৫ম সভায় মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক কার্যালয়সমূহকে মনিটরিং ব্যবস্থা জোরদার করার সিদ্ধান্ত প্রদান করা হয়েছে।

০৩। BKB Risk Management Executive Committee (RMEC) এর জুন/২০২৪ এর মাসিক সভায় গৃহীত সিদ্ধান্ত মোতাবেক মাঠ কার্যালয়সমূহকে দারিদ্র বিমোচন কর্মসূচির আওতায় ভূমিহীন ও প্রান্তিক চাষীদের ঋণ আদায় কার্যক্রম জোরদার করার পাশাপাশি উক্ত ঋণসমূহ আদায়ের জন্য ভূমিহীন ও প্রান্তিক ঋণগ্রহীতাদের সুদ মওকুফ প্রস্তাব ও অবলোপন প্রস্তাব প্রধান কার্যালয়ের ঋণ আদায় বিভাগে প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হলো।

০৪। এমতাবস্থায়, মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকগণ সুদ মওকুফ ও অবলোপনের প্রস্তাব প্রধান কার্যালয়ে যথাযথভাবে প্রেরণ নিশ্চিত করবেন। সংশ্লিষ্ট শাখাসমূহকে মাসিক ভিত্তিতে আদায়ের লক্ষ্যমাত্রা নির্ধারণপূর্বক নিয়মিত মনিটরিং করা এবং শাখাসমূহ হতে ঋণ আদায়ের অগ্রগতির ত্রৈমাসিক প্রতিবেদন সংগ্রহ করে পরবর্তী মাসের ১০ তারিখের মধ্যে অত্র বিভাগে প্রেরণের জন্য অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত

(আবু সাঈদ মোঃ রওশানুল হক)

মহাব্যবস্থাপক

পরিকল্পনা ও পরিচালন মহাবিভাগ

বিকেবি/প্রকা/কৃপবি-১৯৭/২০২৪-২০২৫/১৩

তারিখ : ০৮/০৭/২০২৪

সদয় অবগতির জন্য অনুলিপি প্রেরণ করা হলো :

- ০১। চীফ স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০২। স্টাফ অফিসার, উপব্যবস্থাপনা পরিচালক-১, ২, ৩ মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৪। সকল উপমহাব্যবস্থাপক/সচিব, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
- ০৫। অধ্যক্ষ, বিকেবি, স্টাফ কলেজ, মিরপুর, ঢাকা।
- ০৬। উপমহাব্যবস্থাপক, আইসিটি সিস্টেমস বিভাগ, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা। উপরোক্ত পত্রটি ব্যাংকের অফিসিয়াল ওয়েব সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুরোধ করা হলো।
- ০৭। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৮। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বিকেবি, আঞ্চলিক নিরীক্ষা কার্যালয়সমূহ।
- ০৯। নথি/মহানথি।

(মোঃমুহাম্মদ মঈনুল হক/ইসলাম)

উপমহাব্যবস্থাপক